দৈনিক ইনকিলাব

তারিখ 03 SEP 1986
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৭

003

# চাঁদপুরে শিক্ষা শুমারী শুরু

চাঁদপুর; ২ সেপ্টেম্বর (সংবাদদাতা)।— গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ১৯৮৬ সালের প্রথম বারের মত শিক্ষা শুমারীর নতুন উদ্যোগ নেয়া হয়েছে।

গত ২০ আগস্ট স্থানীয়ভাবে চাঁদপুর জেলা শিক্ষা শুমারী জেলা প্রশাসককে সভাপতি ও জেলা শিক্ষা তথ্য পরিসংখ্যান ব্যুরোর পরিচালককে সদস্য সচিব করে ৮ সদস্যের একটি উপদেষ্টা কমিটি গঠন করা হয়েছে।

কমিটি ২৫ আগস্ট জেলা প্রশাসকের সভাকক্ষে জেলা প্রর্শাসক-এর সভাপতিত্বে জেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান ও প্রতিনিধিদের উপস্থিতিতে বৈঠকে মিলিত হন। বৈঠকে উপস্থিত প্রতিনিধিদেরকে শিক্ষা শুমারীর পরিচালনার ব্যাপারে প্রয়োজনীয় কাগজপত্র বুঝিয়ে দেন।